

বেথুন কলেজের প্রাক্তনী বাসবী চক্রবর্তী রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের সমাজবিদ্যা বিভাগে দীর্ঘদিন অধ্যাপনা করেছেন। ২০২৩ সালে অবসর গ্রহণের পরে যোগ দেন নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান অনুষদে। বর্তমানে

সেখানেই কর্মরত কর্মজীবনে তিনি কলকাতা, প্রেসিডেন্সি, কল্যাণী, পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ের সমাজবিদ্যা বিভাগে অতিথি অধ্যাপক হিসেবে পড়িয়েছেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের নগর অর্থনীতি চর্চাকেন্দ্রে দীর্ঘ সময় যুক্ত ছিলেন।

সমাজবিদ্যার গবেষণা সহযোগী হিসেবে সমাজবিদ্যা ও মানবীবিদ্যা বিষয়ের ওপর অনেকগুলি বই সম্পাদনা করেছেন, যার মধ্যে উল্লেখযোগ্য - নারীপৃথিবী : বহুস্বর, সমাজবিদ্যা তাত্ত্বিক রূপরেখা, Women's Studies :

Various Aspects, Interrogating Women's Position - Perspectives From the Field ইত্যাদি।

অ্যাকাডেমিক চর্চার বাইরে বিভিন্ন পত্র - পত্রিকায় সাহিত্য বিষয়ক প্রবন্ধ লেখেন ও কবিতা অনুবাদ করেন। সাহিত্য আকাদেমি থেকে প্রকাশিত হয়েছে দুটি অনুবাদ গ্রন্থ। নিয়মিত বিভিন্ন আলোচনাসভায় বক্তা ও সভামুখ্য হিসেবে যোগ দিয়ে থাকেন।